# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮৩১/ভোলা-৬২/২৮৪ তারিখ: ০১ মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারী ২০২৬

বিষয় : জনাব মোঃ এনায়েত উল্যাহ-কে ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : ১। স্মারক নং-বামাশিবো/প্রশা/২২৪২৫১০১৩৮৩১/১১৯২৯৭; তারিখ: ০৫-১০-২০২৫ খ্রিঃ।
২। স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮৩১/ভোলা-৬২/২৫৭; তারিখ: ২৩-১০-২০২৫খ্রি.
৩। উ.নি.অ. এর কার্যালয়ের স্মারক নং-০৫.১০.০৯২৫.০০০.০৯.০০৪.২৫-৯৩৬; তারিখ: ০৪/১১/২০২৫ খ্রি.
৪। স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২৫১০১৩৮৩১/ভোলা-৬২/২৬৭; তারিখ: ২৭/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসায় সূত্রোক্ত ১নং স্মারকে ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটিতে ছল চতুরির মাধ্যমে প্রতিষ্ঠান বন্ধ থাকাকালিন সময়ে সভাপতি নির্বাচন করা হয়েছে মর্মে মোঃ এনায়েত উল্লাহ অত্র বোর্ডের ই-ফাইলিং-এ অভিযোগ দাখিল করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা-কে পত্র দেয়া হয়। সূত্রোক্ত ৩নং স্মারকে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে উল্লেখ রয়েছে যে, "ম্যানেজিং কমিটির নির্বাচিত ০৭(সাত) জন সদস্যের ০৭/১০/২০২৫ইং তারিখে ভোট ও তাদের সাথে কথা বলে প্রতীয়মান হয় যে, প্রিজাইডিং অফিসার, জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসা ম্যানেজিং কমিটি নির্বাচন' ২০২৫ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ের স্মারক নং-৩৭.০২.০৯২৫.০০০.২০.০১৫.২৫-২৩০; তারিখ- ০৭/১০/২০২৫ইং এর মাধ্যমে জনাব মোঃ এনায়েত উল্যাহ-কে সভাপতি মনোনয়ন দিয়ে মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রেরিত প্রতিবেদন সঠিক রয়েছে।'' তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে ম্যানেজিং কমিটির সভাপতি পদ কেন বাতিল করা হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকে মাদ্রাসার সুপার ও অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি কে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে মাদ্রাসা সুপার ও সভাপতি জবাব দাখিল করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির প্রজ্ঞাপন অনুযায়ী অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ এনায়েত উল্লাহ-কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৫.১.২৬
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ
সুপার/ভারপ্রাপ্ত সুপার, জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসা,
ডাকঘর-শশীভূষণ, উপজেলা: চরফ্যাশন, জেলা: ভোলা;

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮৩১/ভোলা-৬২/ তারিখ: ০১ মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারী ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, ভোলা;
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .......... শাখা, চরফ্যাশন, ভোলা;
৬. জনাব মোঃ এনায়েত উল্লাহ, সভাপতি (ম্যানেজিং কমিটি), জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলা;
৭. পিও টু চেয়ারম্যান/পিওটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১৫/০১/২৬
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অনিউর\সভাপতি পরিবর্তন.doc